গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কচুয়া, চাঁদপুর।
kachua.chandpur.gov.bd

বিষয় ঃ পবিত্র ঈদ উল আযহা ২০১৭ উপলক্ষে কচুয়া উপজেলায় নিধারিত স্থানে শতভাগ পশু কোরবানি নিশ্চিতকরণ সংক্রান্ত সভার সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব নীলিমা আফরোজ।
উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর।

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিসকক্ষ, কচুয়া, চাঁদপুর।

তারিখ ঃ ০৪/০৭/২০১৭ খ্রিঃ।

সময় ঃ সকাল ১১ঃ০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পৃথক কাগজে সংরক্ষণ করা হয়েছে।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর তিনি পবিত্র ঈদ উল আযহা ২০১৭ উপলক্ষ্যে কচুয়া উপজেলায় সকল ইউনিয়ন পরিষদসহ কচুয়া পৌরসভায় নিধারিত স্থানে শতভাগ পশু কোরবানি নিশ্চত করার বিষয়ে জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয়ের কার্যালয়ের অনুষ্ঠিত ১৮/০৬/২০১৭খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্তসমূহ সকলের জ্ঞাতার্থে সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	পশু জবাইয়ের জন্য নির্দিষ্ট স্থান নির্ধারণঃ সভাপতি সভায় জানান যে, জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে পবিত্র ঈদ উল আযহা ২০১৭ উপলক্ষে কচুয়া উপজেলায় নিধারিত স্থানে শতভাগ পশু কোরবানি নিশ্চিত করণের বিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ইউনিয়ন ও পৌর এলাকায় যত্র তত্র কোরবানীর পশু জবাই না করার বিষয়ে ব্যাপক আলোচনা হয়েছে। বিগত দিনে বিভিন্ন স্থানে পশু জবাই ও সময়মত জবাইকৃত পশুর বজ্য অপসারণ না করার কারণে পরিবেশ দূষণসহ নানাবিধ রোগ জীবানু ও ব্যাধি ছড়ানোর আশংকা বিদ্যমান ছিল। চলতি বছর থেকে নির্ধারিত স্থানে শতভাগ পশু জবাইয়ের বিষয়ে উপস্থিত সকলকে তিনি উন্মুক্ত আলোচনায় অংশগহণের অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে, কচুয়া পৌর এলাকার জন্য কোরবানীর পশু জবাইয়ের স্থান নির্ধারণপূর্বক সকলকে অবগত করার জন্য মেয়র, কচুয়া পৌরসভাকে অনুরোধ করা হয় এবং ইউনিয়ন পর্যায়ে যতদূর সম্ভব ওয়ার্ড/ এলাকাভিত্তিক নির্ধারিত স্থানে কোরবাণীর পশু জবাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। নির্ধারিত স্থানসমূহকে কোরবানীর উপযোগী করে গড়ে তুলতে হবে এবং সাইন বোর্ড স্থাপনের মাধ্যমে সকলকে অবগত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মেয়র, কচুয়া পৌরসভা ও ইউপি চেয়ারম্যান (সকল)
০২	নির্ধারিত স্থানে পশু জবাইয়ের বিষয়ে মনিটরিং কমিটি গঠনঃ পৌর এলাকার বাহিরে অর্থাৎ ইউনিয়ন পর্যায়ে ও নির্ধারিত স্থানে পশু জবাইয়ের বিষয়টি মনিটরিং করার লক্ষ্যে মনিটরিং কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়। ইউনিয়ন পরিষদের মাসিক সভায় আলোচনাক্রমে উক্ত কমিটি গঠনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউনিয়ন পর্যায়ে ইউপি চেয়ারম্যানকে প্রধান করে ইউনিয়ন কমিটি ও ওয়ার্ড/এলাকা পর্যায়ে পশু জবাই মনিটরিং করার জন্য ইউপি সদস্যকে প্রধান করে কমিটি গঠন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত কমিটির করণীয় সম্পর্কে পরিষদের মাসিক সভায় আলোকপাত করার জন্য ইউপি চেয়ারম্যান সকলকে অনুরোধ করা হয়।	ইউপি চেয়ারম্যান (সকল)
০৩	ইমাম, মাওলানাসহ পশু জবাইকারীগণের তালিকা তৈরী ও তাদের সক্ষমতা বৃদ্ধি ঃ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ইউনিয়ন ভিত্তিক নিধারিত স্থানে পশু জবাইকারীদের তালিকা প্রস্তুত করার জন্য সভায় অনুরোধ করা হয় এবং জবাইয়ের নিয়মকানুন সম্পর্কে সুষ্ঠু ধারণা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়।	কোরবানীর পশু জবাইয়ের জন্য প্রতিটি ইউনিয়নে ইমাম, মাওলানাসহ যারা নিয়োজিত থাকবেন। তাদের তালিকা প্রস্তুতপূর্বক এ কার্যালয়ে দাখিলের জন্য ইউপি চেয়ারম্যান (সকল) কে অনুরোধ করা হয়। পশু জবাইয়ের নিয়মকানুন সম্পর্কে সুষ্ঠু ধারণা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কচুয়া, চাঁদপুরকে সভায় অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ও ইউপি চেয়ারম্যান (সকল) কচুয়া, চাঁদপুর।

০৪	ভেটিরিনারী টিম গঠনঃ কোরবাণীর হাটে যাতে অসুস্থ্য পশু বিক্রয় না হয় এবং ক্রেতাগণ যাতে অসুস্থ্য পশু ক্রয় করে ক্ষতিগ্রস্ত না হয় সে জন্য ইজারাকৃত **প্রতিটি হাটে** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে ভেটিরিনারী টিম গঠনের বিষয়ে আলোচনা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা থেকে ইজারাকৃত সকল হাট বাজারে পৃথক ভেটিরিনারী টিম গঠন পূর্বক নিয়োজিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদক কর্মকর্তা, কচুয়া, চাঁদপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর।
০৫	কোরবাণীর পশুর বর্জ্য অপসারণঃ পবিত্র ঈদ উল আযহা উপলক্ষে ইউনিয়নের বিভিন্ন স্থানে যত্র তত্র কোরবানীর পশু জবাই সহ পরবর্তীতে সময়মত কোরবানীর পশুর বর্জ্য নিষ্কাষন না করার কারণে পরিবেশের দূষনসহ নানা রকম রোগ জীবানু ছড়ানোর আশংকা থাকে। তাই কোরবানীর পর বজ্য অপসারণপূর্বক একটি নির্দিষ্ট স্থানে ফেলার জন্য সভায় আলোচনা হয়। নির্ধারিত স্থানসমূহে যে সকল কোরবানীর পশু জবাই করা হবে যতটা সম্ভব উক্ত পশুর বর্জ্যসমূহ মাটিতে গর্তকরে পুতে ফেলার ব্যবস্থা করার জন্য সভায় অনুরোধ করা হয়।	পশু জবাইয়ের পর রক্ত, হাড়গোড়সহ যাবতীয় বর্জ্য অপসারণপূর্বক একটি নির্দিষ্ট স্থানে ফেলার ব্যবস্থা গ্রহণের বিষয়টি নিশ্চত করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। প্রয়োজনে জবাইয়ের পর পর মাটিতে গর্তকরে বর্জ্য পূতে ফেলার ব্যবস্থা করার জন্য সভায় অনুরোধ করা হয়।	ইউপি চেয়ারম্যান (সকল) কচুয়া, চাঁদপুর।
০৬	ব্যাপক প্রচারণাঃ নির্ধারিত স্থানে পশু জবাই এর উপকারিতা সম্পর্কে ইউনিয়নে বসবাসত সকল নাগরিককে অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	নির্ধারিত স্থানে পশু জবাই এর উপকারিতা সম্পর্কে ইউনিয়ন পরিষদের মাসিক সভাসহ বিভিন্ন সভা সমাবেশে আলোকপতা করার জন্য ইউপি চেয়ারম্যান ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকতাকে অনুরোধ করা হয়। এছাড়া এ বিষয়ে প্রচারের জন্য স্থানীয় স্যাটেলাইট চ্যানেলে মালিককে অনুরোধ করে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনীয় পোস্টার ও লিপলেট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	স্থানীয় স্যাটেলাইট ব্যবসায়ী ও ইউপি চেয়ারম্যান (সকল) কচুয়া, চাঁদপুর।

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় উত্থাপিত না হওয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নীলিমা আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
কচুয়া, চাঁদপুর।
ফোনঃ ০৮৪২৫-৫৬০১১
E-mail- unokachua@gmail.com

স্মারক নং- ০৫.৪২.১৩২৫.০০১.০১.০১১.২০১৭- ৬৫৪ তারিখঃ ০৫/০৭/২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। জেলা প্রশাসক, চাঁদপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, চাঁদপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর।
অনুলিপিঃ অবগতি ও কার্যার্থেঃ
৪। ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর।
৫। সহকারী কমিশনার (ভূমি), কচুয়া, চাঁদপুর।
৬। অফিসার ইনচার্জ, কচুয়া থানা, কচুয়া, চাঁদপুর।
৭। উপজেলা..................................অফিসার, কচুয়া, চাঁদপুর।
৮। ইউপি চেয়ারম্যান, ... ইউপি(সকল), কচুয়া, চাঁদপুর।
৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কচুয়া, চাঁদপুর।